# সমাজকল্যাণ বার্তা

সমাজসেবা অধিদপ্তরের মাসিক মুখপত্র

রেজি নং: ৭৩/৭৬ | সংখ্যা: ১ | জানুয়ারি ২০২৩


## জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান

২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও প্রথম জাতীয় মানবকল্যাণ পদক প্রদান করা হয়েছে। উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়বো সমাজসেবায়-প্রতিপাদ্যকে সামনে রেখে সমাজসেবা অধিদপ্তরের মধুমতি মিলনায়তনে বর্ণিল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রধান অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে এক সময়ের অচেনা বাংলাদেশ, দুর্ভিক্ষ কবলিত আর বন্যাপীড়িত বাংলাদেশ, সারা বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে।' তিনি আরও বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী ১১ লক্ষ রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে তিনি মাদার অব হিউম্যানিটি পদকে ভূষিত হয়েছেন। সেই পথ ধরে প্রান্তিক, অনগ্রসর জনগোষ্ঠীর সুরক্ষাসহ প্রতিবন্ধী ব্যক্তির কল্যাণ ও মানবকল্যাণে ইতিবাচক কার্যক্রম পরিচালনা করে যারা সফল হয়েছেন মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক তাদেরকে আজ মানবকল্যাণ পদক প্রদান করা হচ্ছে।' তিনি মানবকল্যাণ পদকে যারা ভূষিত হয়েছেন তাদের সকলকে কৃতজ্ঞতা, ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আশরাফ আলী খান খসরু, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও জনাব রাশেদ খান মেনন, এমপি, সভাপতি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সভাপতিত্ব করেন জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন, ড. আবু সালেহ মোস্তফা কামাল, মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।

২০২০ ও ২০২১ সালের নির্বাচিত আটজন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয় মানবকল্যাণ পদকে ভূষিত করা হয়। অনুষ্ঠানের শেষ পর্বে ছিল সাংস্কৃতিক আয়োজন।




*জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান এর শুভ উদ্বোধন করেন অতিথিবৃন্দ*



*জাতীয় মানবকল্যাণ পদক প্রদান করছেন মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়*

অন্যপাতায়


জাতীয় মানবকল্যাণ পদক সমাচার ২

২ জানুয়ারি ২০২৩: প্রচারণা আয়োজন ৩

দেশব্যাপী দিবস উদযাপনের চিত্র ৪


অন্যপাতায়



*জাতীয় মানবকল্যাণ পদক প্রাপ্তদের সাথে মাননীয় অতিথিবৃন্দ*

## জাতীয় মানবকল্যাণ পদক সমাচার

মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয়দানসহ তাদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে মাননীয় প্রধানমন্ত্রী দেশনেত্রী শেখ হাসিনা বিশ্বে 'মাদার অব হিউম্যানিটি' হিসেবে স্বীকৃতি লাভ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর মহান এ প্রাপ্তি দেশের জনগণ ও জনসেবার সাথে সংশ্লিষ্ট সমাজকল্যাণ ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানের মধ্যে আগ্রহ সৃষ্টি এবং বিশেষ অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' চালু করা হয়। এ মহান উদ্যোগ বাস্তবায়নে যোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবী ব্যক্তি ও প্রতিষ্ঠান চিহ্নিত করে প্রণোদনা প্রদান করা গেলে দেশের সাধারণ মানুষের মধ্যে সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে কর্মস্পৃহা বৃদ্ধি পাবে এবং সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে।

'জাতীয় মানবকল্যাণ পদক' নীতিমালা ২০২২ এর ক্রমিক ১৫ অনুযায়ী 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক'-এর স্থলে 'জাতীয় মানবকল্যাণ পদক' প্রতিস্থাপন করে 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' পাঁচটি ক্যাটাগরি/ক্ষেত্রে পাঁচজন ব্যক্তি/প্রতিষ্ঠানকে 'জাতীয় মানবকল্যাণ পদক' ২০২১ প্রদানের জন্য মনোনীত করে।

২০২০ সালের নির্বাচিত তিনজন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং ২০২১ সালের নির্বাচিত পাঁচজন ব্যক্তি/প্রতিষ্ঠানসহ মোট আটজন ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২ জানুয়ারি ২০২৩ জাতীয় সমাজসেবা দিবসে প্রথমবারের মতো 'জাতীয় মানবকল্যাণ পদক' প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। পুরস্কারপ্রাপ্তগণ প্রত্যেকে ১৮ ক্যারেট মানের ২৫ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক, একটি রেপ্লিকা, দুই লক্ষ টাকা এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত একটি সম্মাননা সনদ পাবেন।

### ২০২০ সালে ২ জন ব্যক্তি ও ১ টি প্রতিষ্ঠান



আব্দুল জব্বার জলিল



বীর মুক্তিযোদ্ধা
আলহাজ্ব আল-মামুন সরকার

জেলা প্রশাসন, খুলনা

### ২০২১ সালে ১ জন ব্যক্তি ও ৪ টি প্রতিষ্ঠান

বিশ্ব
মানবসেবা সংঘ
(বৃদ্ধাশ্রম)

বিশ্ব মানবসেবা সংঘ
(বৃদ্ধাশ্রম)



বীর মুক্তিযোদ্ধা
মাজেদা শওকত আলী

এসপায়ার টু ইনোভেশন
(এটুআই) প্রোগ্রাম

আকবরিয়া লিমিটেড

বিদ্যানন্দ ফাউন্ডেশন

## ২ জানুয়ারি ২০২৩: প্রচারণা আয়োজন

সমাজসেবা অধিদপ্তরের মধুমতি মিলনায়তনে জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, সম্মানিত অতিথিবৃন্দের বক্তব্য, জাতীয় মানবকল্যাণ পদক প্রদান, সমাজসেবা পরিবারের কৃতি সদস্যদের সম্মাননা ও পুরস্কার প্রদান এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতীয় সমাজসেবা দিবস উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তরের প্রচারণার অংশ হিসেবে বিভিন্ন প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়। একইসাথে ইলেকট্রনিক মিডিয়া-টিভি স্ক্রলে দিবসের খবর প্রচারিত হয়।




জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ









পোস্টার





লিফলেট




মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ




স্মরণিকা




বুকলেট

## দেশব্যাপী দিবস উদযাপনের চিত্র

২ জানুয়ারি ২৪তম জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান অনুষ্ঠান সমাজসেবা অধিদপ্তরের বিভাগীয়, জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়সহ সকল ইউনিটে যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন আয়োজনে উদযাপিত হয়েছে। র‍্যালি, আলোচনা সভা, আবাসিক প্রতিষ্ঠানে শিশুদের উন্নতমানের খাবার পরিবেশন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।




*জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।*

**বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, পঞ্চাশ দিনের প্রশিক্ষণ শেষে হিজড়া জনগোষ্ঠীকে সনদ ও দশ হাজার টাকা করে পঞ্চাশ জনকে অনুদান ও দুইজন প্রতিবন্ধী ব্যক্তিকে হুইল চেয়ার বিতরণ।**




*হাসপাতাল সমাজসেবা কার্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা*

**নিয়মিত সেবা প্রদানের পাশাপাশি দরিদ্র ও দুস্থ রোগীদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ।**



*সরকারি শিশু পরিবার (বালক) নেত্রকোণা*

**বার্ষিক ব্যাডমিন্টন টুর্নামেন্ট এর ফাইনাল ম্যাচ অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে অনুষ্ঠিত।**




*উপজেলা সমাজসেবা কার্যালয়, জৈন্তাপুর, সিলেট*

**ষোল জন প্রতিবন্ধী ব্যক্তি ও শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ।**




*উপজেলা সমাজসেবা কার্যালয়,লংগদু, রাঙামাটি*

**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত অনুদানের অর্থ বিতরণ করা হয় এবং প্রতিবন্ধী ব্যক্তির পরিচয় পত্র সুবর্ণ নাগরিক কার্ড ও ভাতার বই বিতরণ।**



প্রকাশনা: গবেষনা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদপ্তর। সম্পাদক: রকিব আহমেদ, উপপরিচালক (প্রকাশনা), সমাজসেবা অধিদপ্তর।
নির্বাহী সম্পাদক: সোমা ইউসুফ, গবেষনা ও প্রকাশনা কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর। অলংকরণ: প্রণব চক্রবর্তী, অ্যাসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার, সমাজসেবা অধিদপ্তর।
সমাজসেবা ভবন, ই-৮/বি-১, শেরে বাংলা নগর আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন: +৮৮০২৫৫০০৬৫৯৫, ৫৫০০৭০২৩, ফ্যাক্স: +৮৮০২৪৮১১৮৫৭১, ওয়েব: http://www.dss.gov.bd